**বাংলাদেশ ব্যাংক**
**(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)**
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

**ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

২৬ ভাদ্র , ১৪২৭ বাংলা
তারিখ: ----------------------
১০ সেপ্টেম্বর , ২০২০

সূত্রঃ ডিএমডি সার্কুলার লেটার নংঃ ০৬

প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

**<u>৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রে স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগ প্রসংগে।</u>**

প্রিয় মহোদয়,

শীর্ষক বিষয়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, সঞ্চয় অধিশাখা এর ২০/০৮/২০২০ তারিখের স্মারক নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৮.০২-৫৮/১(৩) এর সূত্রে ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রে স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তনের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড এর নিম্নোক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য আপনাদেরকে অনুরোধ জানানো হলোঃ

(১) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52D অনুযায়ী Savings instruments এর মুনাফা পরিশোধকালে উৎসে কর কর্তন করতে হয়। অর্থাৎ মুনাফা পরিশোধের তারিখে বিদ্যমান করহারে উৎসে কর কর্তন করতে হবে। এখানে পরিশোধ (Payment) বলতে ট্রান্সফার, ক্রেডিট, সমন্বয়, অথবা পরিশোধের আদেশ বা নির্দেশ বুঝাবে (Payment includes a transfer, a credit, an adjustment of payment or an order of instruction of making payment);

(২) ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র ২য় মেয়াদে স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগের ফলে নিট মুনাফা ও আসল একত্রে মোট বিনিয়োগ হিসেবে গণ্য হবে;

(৩) মুনাফা পরিশোধের তারিখে পুঞ্জিভূত বিনিয়োগ (স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগের ফলে নিট মুনাফাসহ মোট বিনিয়োগ) ৫ লক্ষ টাকা অতিক্রম করলে, ০১.০৭.২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হতে পরবর্তী যে কোন সময়ে মুনাফা পরিশোধকালে উৎসে ১০% হারে কর কর্তন করতে হবে;

(৪) ক্রয়কাল নির্বিশেষে মুনাফা পরিশোধের তারিখে পুঞ্জিভূত বিনিয়োগ (স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগের ফলে নিট মুনাফাসহ মোট বিনিয়োগ) ৫ লক্ষ টাকা অতিক্রম না করলে মুনাফা পরিশোধকালে উৎসে ৫% হারে কর কর্তন করতে হবে এবং

(৫) ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রে ২য় মেয়াদে স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগের ক্ষেত্রে পুঞ্জিভূত বিনিয়োগের (স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগের ফলে নিট মুনাফাসহ মোট বিনিয়োগ) পরিমাণ ৫ লক্ষ টাকা অতিক্রম করলেই মুনাফা পরিশোধকালে উৎসে ১০% হারে কর কর্তন করতে হবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ খুরশীদ আলম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৩১